অবতরণিকা

'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' অন্যতম বাজেট দলিল হিসেবে প্রতিবছর জাতীয় সংসদের বাজেট অধিবেশনে উপস্থাপন করা হয়। সমীক্ষাটিতে দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি ও অর্থনীতির খাতসমূহের অগ্রগতি তুলে ধরা হয়। প্রতি বছরের ধারাবাহিকতায় 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৮' প্রকাশ করা হলো। এতে ২০১৭-১৮ অর্থবছরের সর্বশেষ তথ্য-উপাত্ত সন্নিবেশ করা হয়েছে।

২। সমীক্ষাটি ৩টি ভাগে ও ১৫টি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। প্রথম ভাগে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির সার্বিক চিত্র তুলে ধরা হয়েছে। এতে দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ; মূল্য, মজুরি ও কর্মসংস্থান; রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; মুদ্রা ব্যবস্থাপনা ও বাজার উন্নয়ন এবং বহিঃখাত সংক্রান্ত বিষয়াদির বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে। দ্বিতীয় ভাগে খাতভিত্তিক বিষয়াদির বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে। এ ভাগে অর্থনীতির উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহণ ও যোগাযোগ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ বিশদ পর্যালোচনা করা হয়েছে। তৃতীয় ভাগে সরকারের বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সরকারের নেয়া নানা উদ্যোগ ও কার্যক্রমের বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে।

৩। নানাবিধ সীমাবদ্ধতা ও সময়সাপেক্ষ হওয়ায় সমীক্ষাটিতে কিছু ভুল-ভ্রান্তি থাকতে পারে। অনাকাঙ্ক্ষিত এসব ত্রুটি-বিচ্যুতির সংশোধনসহ ভবিষ্যতে প্রকাশনাটির গুণগত মানোন্নয়নে সংশ্লিষ্ট সকলকে মতামত/পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করছি। দেশের অর্থনীতির গতি-প্রকৃতি নিয়ে উৎসাহী পাঠক, গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থী সকলের কাছে সমীক্ষাটি একটি গুরুত্বপূর্ণ তথ্যবহুল দলিল হিসেবে পরিগণিত হবে বলে আমি প্রত্যাশা রাখি।

৪। সময়মত সমীক্ষাটি প্রকাশ করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। প্রয়োজনীয় সকল তথ্যাদি সরবরাহ করে নির্ধারিত সময়ে সমীক্ষাটি প্রকাশে সার্বিক সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বশীলদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

মোহাম্মদ মুসলিম চৌধুরী
সচিব
অর্থ বিভাগ